আমার দেশ



ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৭৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপনে বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট ভবনের সামনে অনুষ্ঠান উদ্বোধন করেন ভিসি নিয়াজ আহমেদ খান -জনকণ্ঠ

ঢাবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

জনকণ্ঠ ডেস্ক ॥ বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৭৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত হয়েছে। বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবন প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আহ্বায়ক শামসুজ্জামান দুদু সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। সঞ্চালনায় ছিলেন অ্যাসোসিয়েশনের সদস্য-সচিব এ টি এম আবদুল বারী ভূঁইয়া। অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণাকে এগিয়ে নিতে অ্যালামনাই অ্যাসোসিয়েশন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তিনি অ্যালামনাইদের বিশ্ববিদ্যালয় প্রশাসনের সঙ্গে ঐকাবদ্ধভাবে কাজ করার আহ্বান জানিয়ে বলেন, 'অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যক্রম এখন অনেক বেশি দৃশ্যমান। এর মাধ্যমে সমাজের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের সম্পর্ক ও যোগাযোগ বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে আমরা চ্যালেঞ্জিং সময় পার করছি। একে অপরের হাত ধরে থাকলে সব চ্যালেঞ্জ সহজেই মোকাবিলা করা সম্ভব।' আলোচনা শেষে আয়োজন করা হয় এক মনোজ সাংস্কৃতিক অনুষ্ঠান।

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৭৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপনে বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট ভবনের সামনে অনুষ্ঠান উদ্বোধন করেন ভিসি নিয়াজ আহমেদ খান -জনকণ্ঠ

ঢাবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৭৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে উদ্‌যাপিত হয়েছে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৭৭তম প্রতিষ্ঠাবার্ষিকী। গতকাল বিকালে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন প্রাঙ্গণে কেক কেটে, বেলুন ও পায়রা উড়িয়ে প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. নিয়াজ আহমদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আহ্বায়ক শামসুজ্জামান দুদু। বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। অনুষ্ঠান সঞ্চালন করেন অ্যাসোসিয়েশনের সদস্যসচিব এ টি এম আবদুল বারী ভূঁইয়া।

অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, 'অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মাধ্যমে সমাজের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের সম্পর্ক ও যোগাযোগ বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে আমরা চ্যালেঞ্জিং সময় পার করছি। পরস্পরের হাত ধরে থাকলে সব চ্যালেঞ্জ আমরা সহজেই মোকাবিলা করতে পারব।' তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা এগিয়ে নিতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের সঙ্গে ঐকাবদ্ধভাবে কাজ করার জন্য আলামনাই অ্যাসোসিয়েশনের প্রতি আহ্বান জানান।

ঢাবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

বর্ণাঢ্য আয়োজনে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৭৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের নওয়াব নবাব আলী সিনেট ভবন প্রাঙ্গণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান।

তিনি শিক্ষা ও গবেষণাকে এগিয়ে নিতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের সঙ্গে ঐকাবদ্ধভাবে কাজ করার জন্য অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রতি আহ্বান জানিয়ে বলেন, 'অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যক্রম এখন অনেক বেশি দৃশ্যমান। অ্যাসোসিয়েশনের মাধ্যমে সমাজের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের সম্পর্ক ও যোগাযোগ বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে আমরা চ্যালেঞ্জিং সময় পার করছি। পরস্পরের হাত ধরে থাকলে সব চ্যালেঞ্জ আমরা সহজেই মোকাবিলা করতে পারব।'

The Country Today



World Tourism Day celebrated at DU

DU Correspondent

The Department of Tourism and Hospitality Management, Dhaka University, has celebrated 'World Tourism Day' on Wednesday on the campus.

The theme of this year's day is 'Tourism for Sustainable Transformation'. Various programs were organized on this occasion. Dhaka University Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan inaugurated these programs as the chief guest at a function held at the Faculty of Business Studies premises.

Later, a seminar was held at the Professor Abdullah Faruk Multipurpose Conference Hall. The event was chaired by the Chairman of the Department, Prof Dr. Md. Shariful Alam Khandaker, and was attended by Dean of the Faculty of Business Studies, Prof Dr. Mahmud Osman Imam, Presidium Member of the Center for Tourism Studies (CTS), Jabed Ahmed, Chairman of Chuti Resort and Chuti Group, Prof Dr. Mohammad Badruzzaman Bhuiyan, Department of Tourism and Hospitality Management.

সংগ্রাম

ঢাবির ব্যবসায় শিক্ষা অনুষদে 'সেলস ফেয়ার' অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয়কে জ্ঞান উৎপাদনের হাব হিসেবে গড়ে তুলতে চাই

----------ভিপি সাদিক কায়েম

স্টাফ রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ব্যবসায় শিক্ষা অনুষদের মার্কেটিং বিভাগের ২৭তম ব্যাচের উদ্যোগে 'সেলস ফেয়ার' অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল থেকে ব্যবসায় শিক্ষা অনুষদের অ্যাকাডেমিক ভবনের সামনে শুরু হওয়া এ মেলা বিকেল ৫টার দিকে শেষ হয়। এতে সর্বমোট ১৬টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে এবং সার্বিক তত্ত্বাবধানে ছিলেন মার্কেটিং বিভাগের ২৭তম ব্যাচের শিক্ষার্থীরা।

মেলায় ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) নবনির্বাচিত সহ-সভাপতি (ভিপি) আবু সাদিক কায়েম, ছাত্র পরিবহন সম্পাদক আসিফ আব্দুল্লাহ, মাস্টার দা সূর্যসেন হল সংসদের ভিপি আজিজুল হকসহ ডাকসুর অন্য নেতারা বিভিন্ন স্টল পরিদর্শন করেন। ডাকসু ভিপি সাদিক কায়েম বলেন, এমন আয়োজন যেন নিয়মিত হয় সে ব্যাপারে ডাকসু সচেষ্ট থাকবে। থিওরির পাশাপাশি প্র্যাক্টিক্যাল জ্ঞান অর্জনের জন্য আমরা রিসার্চ ফেয়ার, জব ফেয়ারসহ বিভিন্ন আয়োজন করব। পাশাপাশি একটি স্টার্টআপ সামিটের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের ইনোভেশন ও আইডিয়া শেয়ার করার সুযোগ পাবেন। ঢাকা বিশ্ববিদ্যালয়কে আমরা জ্ঞান উৎপাদনের হাব হিসেবে গড়ে তুলতে চাই এবং এর মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়কে অ্যাকাডেমিক ইন্সটিটিউশনে রূপ দিতে চাই। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) এই সেলস ফেয়ার সফলভাবে আয়োজনের জন্য মার্কেটিং বিভাগের ২৭তম ব্যাচকে ধন্যবাদ জানিয়েছে।

The Financial Express

DU Marketing Dept holds Sales Fair

DU CORRESPONDENT

The Department of Marketing, University of Dhaka (DU), organised a Sales Fair, initiated by its 27th batch, on Wednesday.

The day-long fair was held in front of the Faculty of Business Studies academic building. The event started in the morning and continued until 5:00 pm.

Akij Group of Industries Bangladesh Limited was the main sponsor of the fair. From the very beginning, the fairground became vibrant and festive with enthusiastic visitors. Students from different faculties and departments alongside those of business also joined the fair. There were 16 stalls in total, where students directly worked with representatives from different companies, gaining valuable hands-on sales experience.

During the event, Abu Sadiq Kayem, the newly-elected vice president (VP) of Dhaka University Central Students' Union (DUCSU), along with other office-bearers and executive members, visited the stalls.

Redwan Mia, a Marketing student, said the last such fair took place in 2022, although efforts were made to hold the event every year.

Zulfikar Mahmud Munna, another student from the same department, explained that the fair was organised as a practical assignment of their fourth-year, second-semester course, Sales Management.

armanhossen7971@gmail.com